

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>  
ইমেইল: [onlinebris@lgd.gov.bd](mailto:onlinebris@lgd.gov.bd)

জন্ম একবার  
নিবন্ধন-ও একবার।

স্মারক নং: স্বাসবি/জন্মনিপ্র/প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-৪২০

তারিখ: ৯-৬-১৪২১  
২৪-৯-২০১৪

বিষয়: অনলাইনে নতুন জন্ম নিবন্ধন চালু না করায় গাজীপুর জেলার ইউনিয়ন পরিষদ সচিবদের পাসওয়ার্ড স্থগিত করা প্রসঙ্গে।

২০১০ সালের অক্টোবর হতে সারা দেশে পর্যায়ক্রমে অনলাইন জন্ম নিবন্ধন চালু করা হয়েছে। ২০১৩ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে দেশের সকল নিবন্ধক কার্যালয়ে অনলাইন জন্ম নিবন্ধনের কার্যক্রম আরম্ভ হয়েছে। অনলাইন জন্ম নিবন্ধনের ২টি অংশ- প্রথমতঃ অনলাইন জন্ম নিবন্ধন শুরুর পূর্বে হাতে লিখা জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনে অন্তর্ভুক্তকরণ ও দ্বিতীয়তঃ নতুন জন্ম নিবন্ধন সরাসরি অনলাইনে লিপিবদ্ধকরণ।

ইউনিয়ন পরিষদ সচিবদের যে পাসওয়ার্ড প্রদান করা হয়েছে তার মাধ্যমে তারা উপরে বর্ণিত সকল কাজই করতে সক্ষম। কিন্তু ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের বিপরীতে প্রদত্ত পাসওয়ার্ডের মাধ্যমে কেবলমাত্র হাতে লিখা জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে অন্তর্ভুক্তকরণ ও নতুন জন্ম নিবন্ধনের আবেদনপত্র প্রণয়ন করা যায়। লক্ষ্য করা যাচ্ছে যে, এখনও অনেক ইউনিয়ন পরিষদ সরাসরি নতুন জন্ম নিবন্ধন না করে প্রথমে হাতে লিখে তা অনলাইনে অন্তর্ভুক্ত করছে। এসকল জন্ম নিবন্ধনে অনেক ভুল ভ্রান্তির আশঙ্কা থেকে যায় ও তঞ্চকতার সৃষ্টি হয়। একাধিকবার নির্দেশনা দেওয়া সত্ত্বেও যে সকল ইউনিয়ন পরিষদ নতুন জন্ম নিবন্ধন অনলাইনে সরাসরি করছে না সে সকল ইউনিয়ন পরিষদের ব্যবহারকারীর পাসওয়ার্ড স্থগিত করা হলো (তালিকা সংযুক্ত)।

সংযুক্ত তালিকায় অন্তর্ভুক্ত ইউনিয়ন পরিষদসমূহে অনলাইন জন্ম নিবন্ধন চালুর লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণ করতে হবে:-

- ১। ইউনিয়ন পরিষদ সচিবের কম্পিউটার ব্যবহারে আত্মহ না থাকলে সেই ইউনিয়ন পরিষদের কাউকে অথরাইজড পাসওয়ার্ড প্রদান করা যাবে না। ইউনিয়ন পরিষদ সচিবকে লিখিতভাবে ওয়াদা করতে হবে যে, তিনি কম্পিউটার জানেন, কম্পিউটার ব্যবহার করেন এবং প্রদত্ত পাসওয়ার্ডের মাধ্যমে নিজে নতুন জন্ম নিবন্ধন করবেন।
- ২। ইউনিয়ন পরিষদকে একটি পরিষদীয় সভায় সিদ্ধান্ত নিতে হবে যে নতুন কোন জন্ম নিবন্ধন তথ্য হাতে লিখা খাতায় লিখা হবে না। নতুন যে কোন জন্ম বা মৃত্যু তথ্য সরাসরি অনলাইনে নিবন্ধন করবে। ইউনিয়ন পরিষদ এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী সকল নবজাত শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে এবং যে কোন মৃত্যুর ৪৫ দিনের মধ্যে অনলাইন নিবন্ধন সম্পন্ন করবে। ইউনিয়ন পরিষদের এই সিদ্ধান্ত কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ৩। ইউনিয়ন পরিষদ সচিবের ওয়াদাপত্র এবং ইউনিয়ন পরিষদের সিদ্ধান্তের কার্যবিবরণী উপ-পরিচালক, স্থানীয় সরকারের প্রতি স্বাক্ষরসহ মূলকপি প্রকল্প পরিচালকের কার্যালয়ে ডাকযোগে প্রেরণ করতে হবে।

শুধু অনলাইন জন্ম নিবন্ধন ব্যবস্থাপনা গড়ে তোলার স্বার্থে এই নির্দেশনা জারী করা হলো এবং যে সকল ইউনিয়ন পরিষদ সচিব কম্পিউটার পরিচালনায় আত্মহী নয় তাদেরকে ইউনিয়ন পরিষদ সচিবের পদ ছেড়ে দিয়ে ভিন্ন কোন চাকুরী সংগ্রহের পরামর্শ প্রদান করা হলো।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

☎ ৯৫৫২৩৮১

☎ ০১৭১৬ ২০৬৫৫৭

কার্যার্থে:


জেলা প্রশাসক,  
গাজীপুর।

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, গাজীপুর।

গাজীপুর জেলা

ক্রমিক নং	বিভাগ	জেলা	উপজেলা	ইউনিয়ন	যে কারণে পাসওয়ার্ড বন্ধ করা হয়েছে	শেষ যে তারিখে ডাটা এন্ট্রি করেছে	মোট অনলাইন ডাটা এন্ট্রি করেছে
১	ঢাকা	গাজীপুর	কাপাসিয়া	বারিষাব	অনলাইনে কাজ শুরু করে নাই		
২	ঢাকা	গাজীপুর	শ্রীপুর	গাজীপুর	অনলাইনের কাজ বন্ধ আছে	১৪-০৮-২০১৩	৮৪৮

  
(স্বা.ক.ম. সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
জনা ও মুত্বা নিবন্ধন প্রকল্প  
স্থানীয় সরকার বিভাগ  
কেন্দ্রীয় পরিবহন পুল ভবন  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।